আচরণবিধি

সংক্ষিপ্ত সংস্করণ

ASSA ABLOY

The global leader in
door opening solutions

আচরণবিধি

আচরণবিধির এই সংস্করণের মধ্যে আচরণবিধির সম্পূর্ণ সংস্করণের একটি সারাংশ রয়েছে। এটি সমস্ত কর্মীদের মধ্যে বিতরণ করা হয়। আচরণবিধির সম্পূর্ণ সংস্করণটি, যা নির্দিষ্ট বিভাগ দ্বারা নির্ধারিত সমস্ত ব্যবস্থাপকগণ এবং ক্রয়, বিক্রয়, মানবসম্পদ(এইচআর), আর্থিক বিষয়/ হিসাবরক্ষণ, সমিতির প্রতিনিধিগণ এবং অন্যান্য শ্রেণীর কর্মীরা প্রাপ্ত হয়, সেটি সমস্ত কর্মীদের জন্যও উপলব্ধ এবং যদি ব্যাখ্যার প্রয়োজন হয়, তাহলে সেজন্য পরামর্শ দেওয়া যাবে। আচরণবিধির সংক্ষিপ্ত সংস্করণ এবং সম্পূর্ণ সংস্করণ উভয়ই একাধিক ভাষায় উপলব্ধ, যেটি ASSA ABLOY এর ইন্ট্রানেটের অন্তর্ভুক্ত মানবসম্পদ(এইচআর) অংশে পাওয়া যাবে।

ASSA ABLOY বিশ্বাস করে দায়িত্বশীল সামাজিক ও নৈতিক আচরণে এবং বিশ্বজুড়ে কোম্পানির কাজে নিযুক্ত কর্মীদের প্রতি তার দায়বদ্ধতা রয়েছে। এছাড়াও, সমস্ত স্টেকহোল্ডারদের প্রতি উচ্চমানের সমন্বয় এবং নিরপেক্ষ ব্যবহার বজায় রাখতে ASSA ABLOY এবং এর কর্মীরা প্রতিশ্রুতিবদ্ধ। এটাই হল ASSA ABLOY দ্বারা আচরণবিধি সৃষ্টির ভিত্তি ও কারণ। সুতরাং কোম্পানির সমস্ত কর্মীর কাছে এই প্রত্যাশা করা হয় যে, তারা আমাদের আচরণবিধি মেনে চলবে।

এই আচরণবিধি কাদের প্রতি প্রযোজ্য?

আচরণবিধিটি আমাদের সমস্ত কর্মীর জন্য প্রযোজ্য। ASSA ABLOY এর একটি ব্যবসায়িক অংশীদারিত্ব ভিত্তিক আচরণবিধিও রয়েছে, যা সমস্ত ব্যবসায়িক অংশীদারগণ, যেমন সরবরাহকারী (এবং সহ-সরবরাহকারী, যদি ASSA ABLOY এর সঙ্গে সংযুক্ত হবার সময় ব্যবহার করা হয়ে থাকে), পরামর্শদাতাগণ, বিতরকগণ এবং অন্যান্য প্রতিনিধিগণ, যারা ASSA ABLOY কে পণ্য বা পরিষেবা প্রদান করে, বা যাদের ASSA ABLOY এর পক্ষে কাজ করার জন্য নিযুক্ত বা যাদের এর পক্ষে কাজ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে, তাদের উপর প্রযোজ্য। ব্যবসায়িক অংশীদারগণদেরও চুক্তিভিত্তিক ব্যবস্থার দ্বারা অন্তর্ভুক্ত করা হবে।

আইনি বাধ্যবাধকতা

যে সকল দেশে ASSA ABLOY কর্মপরিচালনা করে, সেই দেশের আইন ও প্রবিধানকে সম্মান করে। আচরণবিধিটি আইনব্যবস্থাকে প্রতিস্থাপিত করে না এবং যদি এই দুটি বিষয়ের মধ্যে দ্বন্দ্ব দেখা যায়, তাহলে আইনব্যবস্থা প্রাধান্য পাবে। যদি বিদ্যমান আইনব্যবস্থার চেয়ে আচরণবিধিটি উচ্চমানের হয়, তাহলে বিপরীত নীতি প্রযোজ্য হবে। আচরণবিধিটি ইংরেজি ভাষায় বৈধ। এই নথিটির ভিন্ন ভাষার সংস্করণের ক্ষেত্রে, তা কেবলমাত্র অনুবাদ হিসাবে গণ্য করা হবে।

সমস্যার কারণ উৎপন্ন হলে

যদি একজন কর্মীর কোন সমস্যা থাকে, বা তিনি কোন অভিযোগ করতে চান, বা কোন উলঙ্ঘনের বিষয়ে অভিযোগ করতে চান, তাহলে লাইন ম্যানেজার, স্থানীয় পরিচালনা ব্যবস্থা বা আচরণবিধিটির জন্য দায়িত্বশীল স্থানীয় ব্যক্তিকে জানাতে হবে। যদি একজন কর্মী স্থানীয়ভাবে সমস্যাটি জানাতে অসুবিধা বোধ করেন, তাহলে তাকে www.assaabloy.com এ উপলব্ধ ওয়েব ফর্মের মাধ্যমে ASSA ABLOY এর মুখ্য কার্যালয়ে যোগাযোগ করতে হবে। পরিশিষ্ট I এ প্রদত্ত ফর্মটিও ব্যবহার করা যেতে পারে। কর্মীর তথ্য গোপন রাখা হবে এবং আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ করার জন্য, প্রকৃত অর্থেই তার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হবে না।

প্রয়োগ এবং পর্যবেক্ষণ

ASSA ABLOY আচরণবিধির প্রয়োগ পর্যবেক্ষণ করে। আচরণবিধির উলঙ্ঘন করা হলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্টকহোম, ফেব্রুয়ারী 5, 2016
জোহান মলিন, সভাপতি এবং সিইও

ASSA ABLOY এর প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন

code@assaabloy.com

অথবা

Code of Conduct function
ASSA ABLOY AB
Box 70340
SE-107 23 Stockholm
Sweden

1. ব্যবসায়িক নীতি

1.1 সাধারণ

যে সকল দেশে ASSA ABLOY কর্মপরিচালনা করে, সেই দেশের আইন ও প্রবিধানকে সম্মান করে এবং এর কর্মীদেরও করতে হবে। ASSA ABLOY ঘুষ, স্বার্থসংঘাত, জালিয়াতি, জুলুম, তসরুপ এবং অবৈধ অর্থ সাহায্য সহ, এই জাতীয় কোন দুর্নীতিমূলক কার্যকলাপকে গ্রহণ করে না।

1.2 প্রতিযোগিতা এবং অ্যান্টিট্রাস্ট আইনসমূহ

ASSA ABLOY প্রতিযোগিতা-বিরোধী চুক্তি বা এই জাতীয় কাজের সাথে যুক্ত থাকে না। অ্যান্টিট্রাস্ট ও প্রতিযোগিতা আইনসমূহ দেশভেদে ভিন্ন হয়, কিন্তু প্রধান নীতিসমূহ একই। আচরণবিধি এর সঙ্গে অভিন্নতা বজায় রাখে এবং ASSA ABLOY প্রতিযোগিতা এবং ASSA ABLOY ইন্ট্রানেট এর অ্যান্টিট্রাস্ট কম্পল্যায়েন্স প্রোগ্রাম এই সম্পর্কে আরও পথনির্দেশনা এবং বিশদ তথ্য প্রদান করে।

কর্মীদের অবশ্যই ASSA ABLOY এর প্রকৃত বা সম্ভাবনাময় প্রতিযোগীদের সঙ্গে, যেকোন ধরনের প্রতিযোগিতা-বিরোধী চুক্তি বা সমন্বিত প্রথা, সাধারণ বোঝাপড়া বা অন্য কিছুকে এড়িয়ে চলতে হবে। এছাড়াও, প্রতিযোগী এবং সম্ভাব্য প্রতিযোগীদের মধ্যে প্রতিযোগিতামূলকভাবে সংবেদনশীল তথ্য আদানপ্রদান করা বেশীরভাগ অধিক্ষেত্রের মধ্যে বেআইনি। সমিতির মিটিং-এ যোগদান করার সময় অবশ্যই বিশেষ সতর্কতা গ্রহণ করতে হবে।

কর্মীদের কোন মতেই পুনর্বিক্রয়কারীদের পুনর্বিক্রয় মূল্যের সঙ্গে সম্মত হওয়া চলবে না বা ASSA ABLOY এর পণ্যের জন্য পুনর্বিক্রয়কারীদের দ্বারা ন্যূনতম ধার্যমূল্য কত হবে, তা নির্দেশ করা চলবে না। সর্বোচ্চ বা সুপারিশকৃত পুনর্বিক্রয় মূল্য অনুমোদন সাপেক্ষ (এই শর্তে যে, সুপারিশগুলি অনুসরণ করার

জন্য কোন চাপ প্রয়োগ করা হয়নি)। ASSA ABLOY প্রতিযোগিতা এবং অ্যান্টিট্রাস্ট কম্পল্যায়েন্স প্রোগ্রাম, ক্রেতা এবং ব্যবসায়িক সহযোগীদের সঙ্গে অন্য কি ধরনের আচরণ করে সে বিষয়ে তথ্য প্রদান করে থাকে, এগুলিকে বেআইনি বিবেচনা করা হতে পারে।

কোন প্রতিযোগী কর্তৃপক্ষের দ্বারা একটি অন-সাইট তদন্ত (ভোর অভিযান) হলে, কর্মীদের সম্পূর্ণভাবে সহযোগীতা করতে হবে এবং ASSA ABLOY ডাউন রেড গাইডলাইনের নির্দেশিকাগুলি অনুসরণ করতে হবে।

1.3 ঘুষ-বিরোধী

ASSA ABLOY ঘুষ সমর্থন করে না। এটার অর্থ এই যে, ASSA ABLOY এর কর্মচারীদের কোন অফার, প্রতিজ্ঞা, পরিশোধ করতে বা কোন ব্যক্তির সিদ্ধান্তকে অনুচিতভাবে প্রভাবিত করার উদ্দেশ্যে তাকে মূল্যযুক্ত কোন উপহার প্রদান অনুমোদন করাকে নিষিদ্ধ করে। একইভাবে, এটার দ্বারা এও বোঝায় যে ASSA ABLOY এর কর্মীদের সিদ্ধান্ত গ্রহণে যদি কারো অনুচিতভাবে প্রভাবিত করার উদ্দেশ্য থাকে, তাহলে সেক্ষেত্রে তাদের মূল্যযুক্ত কোন কিছু গ্রহণ করা নিষিদ্ধ।

অন্যান্য বিষয়গুলির মধ্যে ASSA ABLOY এর ঘুষ-বিরোধী নীতির মূল বার্তাটি হল নিম্নরূপ:

বিনোদন এবং উপহার

বিনোদন এবং উপহার - দেওয়া হোক বা নেওয়া হোক - তা সীমিত মূল্যের ব্যবসায়িক উদ্দেশ্যযুক্ত, যথাযথভাবে লিখিত মাধ্যমে জ্ঞাত করা এবং যুক্তিসংগত হতে হবে। ক্রয় ও বিক্রয় বিষয়ক কার্যকলাপ চূড়ান্ত সমন্বয়ের মধ্যদিয়ে সম্পাদন করতে

হবে। অনুচিতভাবে ব্যবসার লেনদেনের ফলাফলকে প্রভাবিত করতে পারে এমন ব্যবস্থাপনা ব্যতীত, যত্নসহকারে বিবেচনা করে বিনোদন, উপহার এবং পরিমিত মাত্রার মূল্য গ্রহণ করা যেতে পারে। অবৈধতার রূপও গ্রহণ করতে পারে এমন ধরনের কার্যকলাপ পরিহার করুন। সরকার বা সার্বজনীন আধিকারিক বা কর্মী, রাজনৈতিক নেতা বা অন্যান্য সার্বজনীন নেতাগণ বা সংস্থার সঙ্গে জড়িত লেনদেনের ব্যয় খুব গভীরভাবে পর্যবেক্ষণ করতে হবে। অনেক দেশেই এই ধরনের সরকারী বা সার্বজনীন ব্যক্তিদের বিনোদন, উপহার দেওয়া বা তাদের জন্য অর্থব্যয় করা আইনবিরুদ্ধ।।

ব্যবসায়িক প্রতিনিধি

ব্যবসায়িক অংশীদার যারা ASSA ABLOY এর জন্য বা এর পক্ষে কাজ করছে বা যাদের কাজ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে, তাদের অন্যায় আচরণের জন্য ASSA ABLOY কে দায়ী করা যেতে পারে। সুতরাং, তাদের যত্নসহকারে পর্যালোচনা হতে হবে এবং বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহার করতে হবে ও বানিজ্যিকভাবে যুক্তিগ্রাহ্য শর্তসমূহ থেকে দূরত্ব বজায় রাখতে হবে। যেসব ব্যক্তিরা ASSA ABLOY এর জন্য বা এর পক্ষে কাজ করার জন্য নিযুক্ত, তাদের কাছে প্রত্যাশা করা হয় যে, তারা ASSA ABLOY এর ব্যবসায়িক অংশীদারীর আচরণবিধি মেনে চলবে।

ছাড়, রিবেট, কমিশন এবং বোনাস

মূল্যের ক্ষেত্রে অতিরিক্ত ছাড় এবং ক্ষতিপূরণ ঘুষ দেওয়া-নেওয়াকে সহজতর করতে পারে। এই ধরনের চুক্তিগুলির শর্তসমূহ লিখিত হতে হবে এবং বাণিজ্যিকভাবে যুক্তিসংগত হতে হবে।

সহায়তা পরিশোধ

ASSA ABLOY তথাকথিত সহায়তা পরিশোধ বা গ্রীজ পেমেন্ট করে না।

রাজনৈতিক অনুদান
ASSA ABLOY রাজনৈতিক অনুদান প্রদান করে না। অনুদান সহ, রাজনীতিতে ব্যক্তিগত অংশগ্রহণে কখনোই ASSA ABLOY এর অর্থ, সময়, সরঞ্জাম, সরবরাহ, সুবিধাসমূহ, ব্র্যান্ড বা নামকে যুক্ত করা যাবে না।

দাতব্য অনুদান এবং বিজ্ঞাপনী উদ্যোগ
বৈধ উদ্দেশ্যসমূহে ASSA ABLOY দাতব্য গ্রুপগুলিকে সহায়তা করে। অনুদান অবশ্যই সম্প্রদায়ের উন্নতির লক্ষ্যে প্রদত্ত হতে হবে এবং এমনভাবে প্রদান করতে হবে যাতে তার মধ্য দিয়ে যৌথ সামাজিক দায়িত্ব প্রদর্শিত হয়। ASSA ABLOY এর কোন পণ্য ব্যবহার বা কেনার জন্য ইচ্ছাপ্রকাশে বা প্রচ্ছন্ন প্রয়োজনে কোন অনুদান প্রদান করা যাবে না। এছাড়াও, ঘুষ এড়ানোর কৌশল হিসাবে, ASSA ABLOY কোন বিজ্ঞাপনী উদ্যোগকে ব্যবহার করে না। আরও নীতিমালার জন্য ASSA ABLOY ইন্ট্রানেটে, ASSA ABLOY এর ঘুষ-বিরোধী নীতি এবং সংশ্লিষ্ট পদ্ধতিসমূহ দেখুন।

1.4 জালিয়াতি
ASSA ABLOY কোন রূপেই জালিয়াতি সমর্থন করে না।

1.5 রেকর্ড এবং রিপোর্টসমূহ
ASSA ABLOY এর রেকর্ড সংরক্ষণ এবং রিপোর্ট করার পদ্ধতির মধ্য সমন্বয় রক্ষা করা চূড়ান্ত গুরুত্বপূর্ণ বিষয়। কোন রিপোর্ট আভ্যন্তরীণ বা বাহ্যিক, যে কাজের জন্যই ব্যবহার হোক না কেন, সেগুলি যাতে সঠিকভাবে এবং সম্পূর্ণভাবে প্রস্তুত ও পর্যালোচনা করা হয়, সেজন্য কর্মীদের অবশ্যই বিশেষভাবে যত্নশীল হতে হবে।

1.6 সরকারী তদন্ত
যেকোন প্রকার যথাযথ সরকারী তদন্তের জন্য ASSA ABLOY সহযোগীতা করে।।

1.7 স্বার্থসংঘাত

কোম্পানি এবং কর্মীর মধ্যে অবশ্যই স্বার্থসংঘাত এড়িয়ে চলতে হবে। যদি এরকম সংঘাত সৃষ্টি হয় ও সমস্যা সৃষ্টি হয়, তাহলে কর্মীকে লিখিতভাবে কোম্পানিকে জানাতে হবে এবং তার ঠিক উর্দ্ধতন ব্যবস্থাপকের সঙ্গে বিষয়টি আলোচনা করতে হবে। নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে স্বার্থসংঘাত জড়িত থাকে::

- বাইরে ব্যবসায়িক কার্যকলাপ
- ব্যক্তিগত আর্থিক স্বার্থ
- অভ্যন্তরীণ তথ্য
- পারিবারিক সদস্য এবং নিকটতম বন্ধু-বান্ধবের নিযুক্তি, তাদের কাছে ক্রয় বা বিক্রয়
- গোপন তথ্য
- পেটেন্ট, ট্রেডমার্ক এবং কপিরাইট
- কম্পিউটার সফটওয়্যার

2. যোগাযোগ

2.1 সাধারণ

যোগাযোগের কোন মাধ্যম ব্যবহার হয়েছে সেটা ব্যতিরেকে, ASSA ABLOY এর পক্ষে যেকোন যোগাযোগ ASSA ABLOY এর ব্যবসায়িক সুনাম ও নীতিসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ASSA ABLOY এর কর্মীদের অবশ্যই পেশাদার, সৎ ও নিখুঁত হতে হবে এবং যোগাযোগের বিষয়ে সর্বদা তাদের গোপনীয়তা বজায় রাখতে হবে। সংবেদনশীল এবং অপ্রকাশ্য কর্পোরেট তথ্যসমূহ কখনোই আলোচনা করা যাবে না বা প্রকাশ করা যাবে না। আরও তথ্যের জন্য ASSA ABLOY ইন্ট্রানেটে, ASSA ABLOY এর বাহ্যিক প্রকাশ নীতির নির্দেশনা, অভ্যন্তরীণ যোগাযোগ নীতি এবং আন্তর্জাতিক সামাজিক মাধ্যম নীতি দেখুন।।

2.2 ইমেইল এর মাধ্যমে যোগাযোগ এবং ইন্টারনেটের ব্যবহার

বিষয়বস্তু, বিধিমাফিক ভাষার ব্যবহার এবং নথিসমূহের ব্যবস্থাপনার মত অন্যান্য লিখিত ব্যবসায়িক যোগাযোগের মত, ইমেইল এর মাধ্যমে যোগাযোগও একইভাবে ব্যবহার করতে হবে। কোম্পানির ইমেইল এবং ইন্টারনেট ব্যবস্থা শুধুমাত্র কোম্পানির কাজে ব্যবহার করতে হবে, সুতরাং সমস্ত ট্রাফিকই কোম্পানির সম্পত্তি। অনেক দেশেই ASSA ABLOY আইনানুগভাবে নিজেকে এবং এর কর্মীদের এই ধরনের সরঞ্জাম ও ব্যবস্থার অপব্যবহার থেকে রক্ষা করতে দায়িত্বশীল। সুতরাং ইমেইল ও ইন্টারনেট ব্যবহার পর্যবেক্ষণে ASSA ABLOY এর অধিকার রয়েছে।।

2.3 টেলিফোনে কথোপকথন

ASSA ABLOY সুনির্দিষ্ট কারণ (যেমন প্রশিক্ষণ) ছাড়া টেলিফোনের কথোপকথন পর্যবেক্ষণ করে না। যেকোন ধরনের পর্যবেক্ষণের বিষয়ে কোম্পানি এবং কর্মীর মধ্যে অগ্রিম সম্মতি থাকতে হবে। পর্যবেক্ষণের বিষয়ে অগ্রিম যে কোন তৃতীয় পক্ষকে জানানো হবে।

2.4 সামাজিক মাধ্যম

ব্লগ, কন্টেন্ট কমিউনিটি, ইন্টারনেট ফোরাম বা স্যোসাল নেটওয়ার্ক সহ যেকোন সামজিক মাধ্যমে ASSA ABLOY সম্পর্কে যেকোন পোস্টিং-এ, কপিরাইট আইনকে মেনে চলতে হবে। যখন ASSA ABLOY সম্পর্কে কিছু বলা হবে বা ASSA ABLOY এর লোগোটাইপ ব্যবহার করা হবে, তখন অতিরিক্ত মনোযোগ দিতে হবে। সামাজিক মাধ্যমের চ্যানেলগুলিতে ASSA ABLOY এর পক্ষে কাজ করার জন্য নির্দিষ্ট ব্যক্তিদের ওপর দায়িত্ব অর্পণ করা আছে।।

সামাজিক মাধ্যমগুলিকে এমনভাবে ব্যবহার করা যাবে না, যাতে ASSA ABLOY এর সুনাম ক্ষতিগ্রস্থ হয়। ASSA ABLOY এর সহযোগী, প্রতিযোগী বা স্টেকহোল্ডারদের সম্পর্কে কখনোই বিভ্রান্তিকর বা অনুচিত বিষয় পোস্ট করা যাবে না।।

3. মানবাধিকার এবং শ্রমিকদের মান

3.1 শিশুশ্রম

ASSA ABLOY শিশুশ্রম সমর্থন করে না। ASSA ABLOY স্বীকার করে যে অর্থনৈতিক শোষন থেকে এবং তাদের শারীরিক, মানসিক বা আধ্যাত্মিক স্বাস্থ্য ঝুঁকির মুখে পরতে পারে, তাদের নৈতিক বা সামজিক বৃদ্ধির পক্ষে ক্ষতিকর বা তাদের শিক্ষার পথে বাঁধা সৃষ্টি করে, এমন ধরনের কাজের থেকে শিশুর সুরক্ষা পাবার অধিকার রয়েছে।

এই প্রসঙ্গে, উন্নয়নশীল দেশগুলির ক্ষেত্রে ন্যূনতম বয়সসীমার বিষয়ে ILO এর ঘোষিত অনুচ্ছেদ 2.4 এর কনভেনশন নং 138 এর ব্যতিক্রম সহ, শিশু হল কোন ব্যক্তি, যার বয়স 15 বছরের থেকে কম বা 14 বছর। যদি সংশ্লিষ্ট জাতীয় আইনসভা উচ্চতর বয়সসীমা নির্ধারণ করে থাকে, তাহলে সেই বয়সসীমা প্রযোজ্য হবে।

কিছু কিছু দেশ ন্যূনতম বয়সসীমার উপরে ব্যক্তিভেদে "যুবক কর্মীর" সংজ্ঞা প্রয়োগ করে থাকে, যার অর্থ হল যে, তাদের যে ধরনের কাজ করতে দেওয়া হয়, সে বিষয়ে কোন আইনি বিধিনিষেধ থাকতে পারে।

3.2 জোরপূর্বক নিযুক্ত বা চুক্তিবদ্ধ শ্রমিক

ASSA ABLOY জোরপূর্বক নিযুক্ত বা চুক্তিবদ্ধ শ্রমিক, আসামী বা অবৈধ কর্মীদের নিয়োগ করে না বা সমর্থন করে না। সকল শ্রমিকদের তাদের কর্ম সময়ের বাইরে থাকাকালীন অবাধে তাদের কর্মস্থল এবং বাসস্থান (যদি প্রদান করা হয়) ত্যাগ করার অধিকার থাকবে।

3.3 সমিতি এবং যৌথ দরকষাকষির স্বাধীনতা

ASSA ABLOY কর্মীদের স্বাধীনভাবে পছন্দের সংগঠনে যোগদানের অথবা না যোগদান করার স্বাধীনতা, এছাড়াও স্বাধীনভাবে পছন্দের সংগঠন গড়ে তোলা, স্থানীয় আইন ও নীতি অনুযায়ী স্বতন্ত্রভাবে এবং যৌথভাবে দরকষাকষি এবং কর্মীদের সংগঠন প্রতিষ্ঠা করার স্বাধীনতা রয়েছে। এই অধিকার চর্চা করার জন্য কোনও কর্মীকে হয়রানি করা হবে অথবা তার ওপর প্রতিশোধমূলক আচরণ করা হবে এমন ভাবার প্রয়োজন নেই।।

3.4 শ্রমিকদের চুক্তি, কাজের সময়সীমা এবং ক্ষতিপূরণ

ASSA ABLOY শ্রমিক চুক্তি এবং কর্ম সময়, অতিরিক্ত সময় কাজ করা ও অতিরিক্ত সময় কাজ করার জন্য বাড়তি মজুরী সংক্রান্ত বিষয়ে স্থানীয় আইন ও নীতি মেনে চলে। নিয়মিত বেতন পরিশোধ করা এবং প্রয়োগযোগ্য স্থানীয় আইন এবং স্থানীয় বাজার পরিস্থিতি সঙ্গে সমতা বজায় রাখে। কর্মীদের সাত দিনে ন্যূনতম একদিন ছুটি এবং জাতীয় ও স্থানীয় বিভিন্ন ছুটির দিনে কাজ বন্ধ রাখতে হবে। কর্মীদের চুক্তি অনুযায়ী বার্ষিক ছুটি, অসুস্থতার দরুন ছুটি, মাতৃত্ব/পিতৃত্ব কারণে ছুটি কোনও নেতিবাচক প্রভাব ছাড়া মঞ্জুর করা হবে।

3.5 বৈষম্য, হয়রানি এবং বৈচিত্র্য

ASSA ABLOY বৈচিত্র্য এবং লিঙ্গ সমতাকে মূল্য দেয় এবং প্রচার করে। ASSA ABLOY এমন এক কর্ম পরিবেশ প্রদান করে যেখানে প্রত্যেককে সম্মান ও মর্যাদা দেওয়া উচিত এবং উন্নয়নের জন্য সুষ্ঠ ও সমান সুযোগ দেওয়া উচিত। সুতরাং ASSA ABLOY বর্ণ, জাতিগত, লিঙ্গগত প্রবণতা, লিঙ্গ, ধর্ম, বয়স, অক্ষমতা, রাজনৈতিক মতামত, জাতীয়তা অন্য কোনও প্রকার সম্ভাব্য বৈষম্যের জন্য কর্মস্থলে কোনও প্রকারের বৈষম্য বা হয়রানি মেনে নেয় না।

3.6 কর্মসংস্থান এবং চিকিৎসার রেকর্ড

কর্মসংস্থান ও চিকিৎসার রেকর্ড গোপন রাখা হয় এবং কারও কাছে প্রকাশ করা হয় না, যদি না কর্মীর সংশ্লিষ্ট লিখিত অনুমতি নেওয়া হয় বা আইন কর্তৃক তার প্রয়োজন হয়। কর্মীদের চিকিৎসার রেকর্ড কর্মীদের অন্যান্য রেকর্ডের থেকে সম্পূর্ণ আলাদা ভাবে বন্ধ আলমারিতে বা সেই জাতীয় গোপন স্থানে রাখা হয়।।

3.7 মাদক এবং/অথবা ড্রাগের অপব্যবহার

কর্মক্ষেত্রে যেকোন রকম ঝুঁকি অপসারণ করতে ASSA ABLOY স্বতঃপ্রণোদিতভাবে কাজ করে। যদি কোন কর্মী মাদকের প্রভাবগ্রস্থ হয়ে থাকে বা এতটা অতিরিক্তমাত্রায় মাদক গ্রহণ করে থাকে যে কর্মক্ষেত্রে তার দায়িত্ব পালন করতে সে অক্ষম হয়ে পরে, তাহলে তার কোম্পানি পরিসরে থাকা উচিৎ নয়।

ড্রাগ বিষয়ে ASSA ABLOY শূণ্য সহ্য (জিরো টলারেন্স) নীতি মেনে চলে এবং যদি কর্মীরা ড্রাগের প্রভাবে আবিষ্ট থাকে তাহলে এর কর্মীদের কোম্পানির পরিসরে কর্মস্থলে থাকার অনুমতি দেয় না।

3.8 ক্রেতা স্বার্থ

ASSA ABLOY এটা নিশ্চিত করে যে তার পণ্যগুলির ও পরিষেবাগুলির জন্য প্রযোজ্য স্বাস্থ্য এবং নিরাপত্তার প্রয়োজনীয়তাগুলি পূরণ করা হয়েছে এবং পণ্যগুলির ও সেবাগুলির সম্পর্কে প্রয়োজনীয় এবং প্রাসঙ্গিক তথ্য উপযুক্ত চ্যানেলগুলির মাধ্যমে প্রকাশিত হয়।।

3.9 সম্প্রদায়ের প্রচার

ASSA ABLOY যেখানেই কাজ করে সেখানে একটি ভাল কর্পোরেট নাগরিকের মত হওয়ার লক্ষ্যে কাজ করে এবং স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সম্প্রদায়গুলিকে উপযুক্ত উপায়ে সমর্থন করে।

4. পরিবেশ

4.1 পরিবেশ ও সহনশীলতা

ASSA ABLOY আইনি পরিবেশগত প্রয়োজনীয়তাগুলি পূরণ করবে এবং তাদের কার্যকারিতাগুলির জন্য আশা করবে যে কাজ করার জন্য তার সব ইউনিটের কাছে পরিবেশ বিষয়ক পারমিট ও প্রয়োজনীয় লাইসেন্স থাকবে। সকল কর্মচারীদের কাছে আশা করা হয় যে তারা ASSA ABLOY এর পরিবেশগত কার্যক্ষমতাকে সমর্থন করবেন ও সেজন্য দায়িত্ব গ্রহণ করবেন। ASSA ABLOY উন্নয়নকে এবং পরিবেশবান্ধব প্রযুক্তিগুলির প্রসারণকে উৎসাহিত করে। ASSA ABLOY এর সমর্থনযোগ্য পরিবেশগত ম্যানেজমেন্ট সিস্টেমগুলির বাস্তবায়ন করার জন্য গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাবযুক্ত সব ইউনিটকেই প্রয়োজন।

শক্তি, বর্জ্য ও পানি সহ, দূষণ রোধ করতে, শব্দ মাত্রা গ্রহণযোগ্য স্তরে রাখতে এবং পণ্যগুলির সাথে মানের শৃঙ্খলের ওপর সামগ্রিক পরিবেশগত প্রভাব উন্নত করার পাশাপাশি, ASSA ABLOY নিরবিচ্ছিন্নভাবে সমস্ত সম্পদের ব্যবহার কমানোর উপায়গুলি খোঁজার চেষ্টা করে। রাসায়নিক এবং বিপজ্জনক পদার্থগুলি সঠিকভাবে লেবেল করা হবে এবং নিরাপদে সংরক্ষণ করা হবে এবং পুনর্ব্যবহারযোগ্য, পুনঃব্যবহৃত এবং সঠিকভাবে বন্দোবস্ত করা হবে। বিপজ্জনক পদার্থ ব্যবহারের ওপর আরও নির্দেশিকার জন্য, ASSA ABLOY ইন্ট্রানেট দেখুন।

5. স্বাস্থ্য ও নিরাপত্তা

5.1 কাজের পরিবেশ

ASSA ABLOY স্বাস্থ্য এবং নিরাপত্তার সাথে নিয়মনিষ্ঠভাবে কাজ করে এবং এটা একটি নিরাপদ কাজের পরিবেশ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ। যেসব ঝুঁকি দুর্ঘটনার কারণ হতে পারে বা আমাদের কর্মীদের স্বাস্থ্য এবং মঙ্গলের ক্ষতিসাধন করতে পারে সেগুলি হ্রাস করা হবে। সুতরাং, পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক ঝুঁকিসমূহকে সনাক্ত করা হবে, মূল্যায়ন করা হবে এবং ঝুঁকি নির্মূল, কারিগরী নিয়ন্ত্রণ এবং/অথবা প্রশাসনিক নিয়ন্ত্রণের মাধ্যমে অগ্রাধিকারের সঙ্গে ব্যবস্থা করা হবে।

একটি নিরাপদ কাজের পরিবেশ থাকার অর্থ হল, উদাহরণস্বরূপ, কর্মস্থলের জায়গাগুলি পরিচ্ছন্ন এবং দূষণমুক্ত রাখা, উৎপাদনের কাজে ব্যবহৃত যন্ত্রগুলি নিরাপদ থাকা এবং কর্মচারীদের স্বাস্থ্য ঝুঁকির মধ্যে না ফেলা এবং ব্যক্তিগত সুরক্ষা ও কাজের সরঞ্জাম ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করা হয়। এছাড়াও, কাজের পরিবেশ ভালভাবে আলোকিত থাকবে এবং তাপমাত্রা এবং শব্দ গ্রহণযোগ্য মাত্রার মধ্যে থাকবে। যখন শব্দ গ্রহণযোগ্য মাত্রার উপরে থাকবে, তখন ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম যেমন কানের সুরক্ষার উপকরণ ব্যবহার করতে হবে। সব ইউনিটকে পুরুষ এবং মহিলাদের জন্য আলাদা করে পর্যাপ্ত এবং পরিষ্কার পরিবর্তন কক্ষ, ওয়াশরুম এবং টয়লেট প্রদান করতে হবে। ASSA ABLOY এর পরিদর্শকরা আমাদের সুবিধাগুলি পরিদর্শন করার সময় আমাদের আমাদের স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিগুলি সম্পর্কে তথ্য পাবেন।

ASSA ABLOY এর ঠিকাদারেরা নিজেরাই নিজেদের নিরাপত্তার দায়িত্বে থাকবেন। যাইহোক ASSA ABLOY চায় যে, ঠিকাদারেরা ASSA ABLOY এর সুরক্ষা পদ্ধতিতে যোগদান করুন এবং ভিন্ন

ধরনের প্রেক্ষাপটের জন্য পরিকল্পনা করুন। স্বাস্থ্য ও নিরাপত্তা পদ্ধতি প্রকাশকারী যেসমস্ত ঠিকাদারেরা নিরাপদ কর্ম-পরিবেশের জন্য ASSA ABLOY এর নীতি মেনে চলেন না এবং তাদের এই বিষয়ে সংশ্লিষ্টতা বৃদ্ধির জন্য উৎসাহিত করা হয়।

ASSA ABLOY নিরপেক্ষ কর্ম পরিস্থিতির মধ্যে কাজ করে, যা সমস্ত কর্মীদেরকে তাদের শ্রেষ্ঠ পরিষেবা দিতে উৎসাহিত করে।

5.2 ভবন এবং অগ্নি নিরাপত্তা

বিপজ্জনক উপাদান এবং উপকরণ অবশ্যই প্রযোজ্য আইন ও নীতি অনুযায়ী সংরক্ষণ করতে হবে। জরুরী বহির্গমন সুস্পষ্টভাবে চিহ্নিত করা থাকতে হবে। নির্গমণদ্বার অবশ্যই রুদ্ধ থাকবে না এবং পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকতে হবে। সমস্ত কর্মী নিরাপত্তা বিষয়ক ব্যবস্থা সম্পর্কে তথ্য পাবে, যেমন আপৎকালীন নির্গমণদ্বার, অগ্নি নির্বাপণ যন্ত্র, প্রাথমিক চিকিৎসা ইত্যাদি। ভবনের প্রতিটি তলায়, ভবন খালি করার সম্পর্কে একটি পরিকল্পনা টাঙিয়ে দিতে হবে। অগ্নির বিপদসূচক ঘন্টাটিকে পরীক্ষা করতে হবে এবং নিয়মিতভাবে ভবন খালি করার মহড়া সম্পন্ন করতে হবে।

5.3 প্রাথমিক চিকিৎসা এবং চিকিৎসাগত পরিষেবা

প্রাথমিক চিকিৎসার উপকরণগুলিকে অবশ্যই সঠিক স্থানে রাখতে হবে এবং প্রতিটি অবস্থানে অন্তত একজনকে ন্যূনতম প্রাথমিক চিকিৎসা বিষয়ে প্রশিক্ষিত করতে হবে। যদি পরিসরের মধ্য কোন দুর্ঘটনা ঘটে, তাহলে একজন ডাক্তার বা নার্সের সঙ্গে যোগাযোগ করতে হবে। কোম্পানির পরিসরের মধ্যে যদি কোন দুর্ঘটনা ঘটে থাকে এবং দুর্ঘটনাগ্রস্থ ব্যক্তিরা যদি সামাজিক নিরাপত্তা বা জীবনবীমার দ্বারা সুরক্ষিত না হয়ে থাকেন ও নিরাপত্তা বিষয়ক নীতিগুলির উলঙ্ঘন না করে থাকেন, তাহলে কোম্পানি চিকিৎসার জন্য খরচ বহন করবেন।

পরিশিষ্ট I: অসম্মতি সম্পর্কে রিপোর্ট

আমি সেই পরিস্থিতি সম্পর্কে ওয়াকিবহাল,
যেক্ষেত্রে ASSA ABLOY এর আচরণবিধি মানা হয় না।
আচরণবিধির অন্তর্গত সম্ভাব্য বা প্রকৃত সংঘাতের বিবরণ:

নাম ও যোগাযোগের বিবরণ (ঐচ্ছিক):

রিপোর্টটি দয়া করে এই ইমেইল এ পাঠান:
code@assaabloy.com
যদি সম্ভব না হয় তাহলে এই ঠিকানায় পাঠান:
Code of Conduct function
ASSA ABLOY AB
Box 70340
SE-107 23 Stockholm, Sweden

ASSA ABLOY হল দরজা খোলা বিষয়ক সমাধানের বিষয়ে বিশ্বস্তরের নেতৃত্বদানকারী, যা অন্তিম-ব্যবহারকারীদের নিরাপত্তা, সুরক্ষা এবং সুবিধা চাহিদার পূরন করতে বদ্ধপরিকর।

www.assaabloy.com

ASSA ABLOY

ASSA ABLOY AB (প্রকাশনী)
ডাকযোগাযোগের ঠিকানা:
P.O. Box 70340
SE-107 23 Stockholm, Sweden
ফিজিক্যাল ঠিকানা:
Klarabergsviadukten 90
ফোন: +46(0)8 506 485 00
ফ্যাক্স: +46(0)8 506 485 85
রেজিস্টার্ড নং: SE.556059-3575
রেজিস্টার্ড অফিস:
স্টকহোম, সুইডেন
www.assaabloy.com

BENGALI/বাংলা